

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭২২.২৪ নথির বিষয়: Construction Contract Management (FIDIC Contract)

নোট: ১ নোটের বিষয়: ০৩ (তিন) কর্মদিবসব্যাপী “Construction Contract Management (FIDIC Contract)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১/২৪ ৩:০৯ অপরাহ্ন

উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার চলমান প্রকল্পে কর্মরত উপ প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাদের জন্য “Construction Contract Management (FIDIC Contract)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) মহোদয়ের মৌখিক নির্দেশ প্রদান করেছেন। এ প্রশিক্ষণ হতে লব্ধ জ্ঞান ঢাকা ওয়াসায় প্রয়োগের সুযোগ রয়েছে, বিশেষভাবে ঢাকা ওয়াসার চলমান প্রকল্পে কর্মরত/FIDIC টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য এই কোর্সটি উপযোগী। এই কোর্সের মাধ্যমে অংশগ্রহণকারীদের FIDIC চুক্তি (WB, ADB, JICA সংস্করণ) সম্বন্ধে একটি সম্পূর্ণ ব্যবহারিক ধারণা প্রদান করা করা হবে। কোর্সটিতে অংশগ্রহণকারী, ঢাকা ওয়াসার চলমান প্রকল্পে কর্মরত, কর্মকর্তাগণ যাতে তাঁদের উপর অর্পিত দাপ্তরিক দায়িত্ব আরও বুদ্ধিমত্তা ও নিজস্ব প্রেরণার মাধ্যমে সুচারুরূপে সম্পন্ন করতে পারেন ও FIDIC Clauses সম্পর্কে সম্যক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ এবং PPA, PPR এর সাথে FIDIC-1 ও FIDIC-2 এর তুলনা করতে পারে সে আশা করে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-১)। প্রশিক্ষণ কোর্সটি ০৩ (তিন) দিনব্যাপী আগামী ০১, ০৪ ও ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সকাল ০৯.০০ হতে বিকাল ০৪.০০ সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। প্রশিক্ষণ কোর্সটিতে অংশগ্রহণের জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ঢাকা ওয়াসার চলমান প্রকল্পে কর্মরত উপ প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী পর্যায়ের ২১ (একুশ) জন কর্মকর্তার তালিকা (সংযুক্তি-২) প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণ কোর্সটিতে বক্তৃতা প্রদানের জন্য Bus Rapid Transit (BRT) Airport-Gazipur, China Gezhouba Group Co. Ltd. (CGGC) এর Contract Engineer, Mr. Mohammad Hasibul Haque-কে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। Program_Final_FIDIC_Dnothi.pdf

২। PPs List_Dnothi.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১/২৪ ৩:১০ অপরাহ্ন

০৩ (তিন) দিন ব্যাপী উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৩০,০০০/-	(০৩ (তিন) দিনের ১২ সেশন ২৫০০/- টাকা হারে)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৩১,৫০০/-	(২১ জন ৫০০/- হারে, ৩ দিন)
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার	৫০,৪০০/-	(বক্তা, কো-অর্ডিনেটর ও সাপোর্টিং স্টাফসহ ২৮ জন ৬০০/- টাকা হারে, ৩দিন)
(ঘ) পানি	২,৩৪০/-	(১৮ কেস আধা লিটার ১৩০/- টাকা হারে, ৩ দিন)
(ঙ) ব্যাগ (আমদানিকৃত), নোটবুক ও কলম	৩২,০০০/-	(২০ সেট ১,৬০০/- টাকা হারে)


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

(চ) ফটোকপি, পোস্টার পেপার, ফ্লিপ চার্ট, মার্কারসহ অন্যান্য ব্যবহারিক সামগ্রী ও বিবিধ	১০,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=১,৫৬,২৪০/-	(কথায়ঃ টাকা এক লক্ষ ছাপ্পান্ন হাজার দুইশত চল্লিশ মাত্র)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/১/২৪ ৩:১০ অপরাহ্ন

এমতাবস্থায়, “Construction Contract Management (FIDIC Contract)”-শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ২১ (একুশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, খসড়া প্রশিক্ষণ কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৫৬,২৪০/- (এক লক্ষ ছাপ্পান্ন হাজার দুইশত চল্লিশ) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



৯/১/২৪ ৩:১২ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



৯/১/২৪ ৩:২২ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১১/১/২৪ ৯:৫৫ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১১/১/২৪ ৯:৫৫ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/১/২৪ ১২:৫৭ অপরাহ্ন


Okay



২৭/১/২৪ ১২:৫৭ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



২৮/১/২৪ ৯:৩৫ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৮/১/২৪ ১১:০৭ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা